

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০১.১৯.২৮৩

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১


বিজ্ঞপ্তি

বিষয়: '৯৯তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)'- এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ১৪/১১/২০২১ হতে ২৮/১২/২০২১ তারিখ পর্যন্ত ৪৫ দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের যুগ্ম-সচিব এবং সমপর্যায়ের বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের জন্য '৯৯তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)' পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণ পূর্বক আগামী ২১/১০/২০২১ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে (সফট কপি-it1@mopa.gov.bd-এই মেইলে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

শর্তাবলী:

- (ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে বিপিএটিসি কর্তৃক পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (ঘ) আবেদনপত্র ছকের (আবেদন ছক) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন প্রদান করা হবে; এবং
- (চ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়নের তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।



৭-১০-২০২১

শ্রীমতী বিলকিস জাহান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৯৫১৫৫২৫

ইমেইল: it2@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সিনিয়র অনুরোধ করা হলো)
- ২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় ( সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি

জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের যুগ্মসচিব ও সমপর্যায় ও সমগ্রেডভুক্ত কর্মকর্তাগণের জন্য  
৯৯তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি)-এ আবেদনের জন্য নির্ধারিত ছক

	কর্মকর্তার নাম:		
১.	বাংলায়	:	
	ইংরেজিতে (বড় অক্ষরে)	:	
২.	পরিচিতি নম্বর (আইডি)	:	
৩.	বিসিএস ক্যাডার ও ব্যাচ:		
৪.	বেতন গ্রেড:		
৫.	পদবি ও কর্মস্থল	:	
৬.	জন্ম তারিখ	:	
৭.	কোর্স শুরুর তারিখে (১৪/১১/২০২১ তারিখ) বয়স	:	
৮.	মোবাইল ও টেলিফোন নম্বর	:	
৯.	ই-মেইল	:	

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন প্রদানের সুপারিশ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল